

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)

১২৮, মালেক ম্যানশন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১। ভূমিকা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন(বিসিক) পরিচালিত ০৪টি দারিদ্র্য বিমোচন প্রকল্প, (০১) মহিলা শিল্পাদ্যোজ্ঞ উন্নয়ন কর্মসূচী : ১৯৮১-২০০৮। (০২) আয়বর্ধক কর্মকাণ্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচন প্রকল্প (১৯৯৭-২০০৮)। (০৩) গ্রামীণ শিল্প উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনৈতি তেজীকরণ প্রকল্প (১৯৯৯-২০০৮) ও (০৪) ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে আত্মকর্মসংস্থান প্রকল্প(১৯৯৩-২০০৮), সমাষ্ট হওয়ায় ক্ষুদ্র ঋণ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন "SMALL MICRO AND COTTAGE INDUSTRIES FOUNDATION" (এসএমসিআইএফ) নামে একটি ফাউন্ডেশন গঠন করেছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্স নং ২৪/২০১৩, তারিখ : ০৬.১০.২০১৩ খ্রি: এবং  
যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদণ্ডের নিবন্ধন নং টিও-৮৫২/১৩ তারিখ: ২৭-১০-২০১৩ খ্রি: এর  
মাধ্যমে ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) এর নিবন্ধন করা হয়।

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) এর Memorandum of Association (MOA) এবং Articles of Association (AOA) এর আলোকে ৩১শে মার্চ ২০১৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ফাউন্ডেশন গঠনের প্রস্তাব অনুমোদিত হয়।

০২। প্রতিষ্ঠাকাল : ২৮ আগস্ট ২০১৪ তারিখে এই ফাউন্ডেশন গঠনের প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। Companies Act, 1994 (Act XVII if 1994) আইনের ২৮ ধারা অনুযায়ী ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) পরিচালিত হবে।

০৩। পরিচালন পদ্ধতি : ফাউন্ডেশনের Memorandum of Association (MOA) এর ০৮ ধারা মোতাবেক ২০ সদস্য বিশিষ্ট একটি সাধারণ পর্যবেক্ষণ এবং Memorandum of Association (MOA) ৩৭ ধারা মোতাবেক ০৮ সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্যবেক্ষণ থাকবে। পরিচালক পর্যবেক্ষণ ও ফাউন্ডেশনের Articles of Association (AOA) অনুযায়ী নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে ফাউন্ডেশনের পরিচালক পর্যবেক্ষণ গঠন করা হয়েছে :

29123


০১।	সচিব, শিল্প মন্ত্রণালয়	--	চেয়ারম্যান
০২।	চেয়ারম্যান, বিসিক	--	ভাইস চেয়ারম্যান
০৩।	যুগ্মসচিব (স্ব স্ব বিসিক), শিল্প মন্ত্রণালয়	--	পরিচালক
০৪।	পরিচালক (প্রকল্প), বিসিক	--	পরিচালক
০৫।	উপ-সচিব (বাজেট-১৪) বাজেট অনু	--	পরিচালক বিভাগ-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬।	মহাব্যবস্থাপক (এসএমই), বাংলাদেশ ব্যাংক	--	পরিচালক
০৭।	পরিচালক (এফবিসিসিআই)	--	পরিচালক
০৮।	নির্বাহী পরিচালক, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির	--	পরিচালক (নন-ভোটিং সদস্য সচিব) শিল্প ফাউন্ডেশন

০৪। ঠিকানা ও নিয়ন্ত্রণ ৪ এসএমসিআইএফ বিসিকের সমাঞ্চকৃত ৪ দারিদ্র বিমোচন প্রকল্পের জনবল ও তহবিল হতে গঠিত হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীনে এটি পরিচালিত। ফাউন্ডেশনের বর্তমান চেয়ারম্যান শিল্প সচিব, জনাব মোশারফ হোসেন ডুইয়া, নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করছেন জনাব বাসুদেব আচার্য, যুগ্মসচিব (স্ব স্ব বিসিক), শিল্প মন্ত্রণালয়। এসএমসিআইএফ এর বর্তমান ঠিকানা ১২৮ মালেক ম্যানশন, ৯ম তলা, মতিঝিল বা/এ, ঢাকা।

০৫। তহবিল সংক্রান্ত তথ্য ৪ ফাউন্ডেশনের কর্মকাণ্ড সম্পূর্ণ অরাজনৈতিক প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত, এটি “আয় থেকে ব্যয়” এর ভিত্তিতে পরিচালিত হবে। বিসিকের সমাঞ্চকৃত ০৪টি দাবিপ্র প্রকল্পের মোট ৭৭.০০কোটি এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্বারক নং ০৭.১১৪.০১৪.৩৬.০০.০৩৬.২০১০.১৪৪ তারিখ ২৪-০৮-২০১১ এর মাধ্যমে ফাউন্ডেশনের অনুকূলে সিড ক্যাপিটাল হিসাবে সরকার কর্তৃক এককালীন ৫০.০০ কোটি টাকা ফাউন্ডেশন গঠনের পর বরাদ্দ প্রদান করা হবে বলে উল্লেখ করা হয়েছে। সর্বমোট ১২৭.০০কোটি টাকা তহবিল নিয়ে ফাউন্ডেশন পরিচালিত হবে এবং ফাউন্ডেশনের কার্যক্রম শুরুর ০২বছর পর ৩য়পক্ষ কর্তৃক অডিট সম্পন্ন করার পর অডিট রিপোর্ট সন্তোষজনক হলে ভবিষ্যতে ফাউন্ডেশনের অনুকূলে অর্থ বিভাগ কর্তৃক নৃত্যতম পরিমান অনুদান বরাদ্দের বিষয়টি বিবেচনা করা হবে।

২০১৮

## ০৬। সাংগঠনিক কাঠামো :



উপসংহারণ সরকারী অর্থ ও পৃষ্ঠপোষকতায় এবং শিল্প মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীনে এসএমসিআইএফ পরিচালিত হচ্ছে। সরকারী অর্থ সারা বাংলাদেশের ৬৪টি জেলায় খণ্ড প্রদানের মাধ্যমে বেসরকারীখাতে বিনিয়োগ বৃদ্ধি, ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে দেশের দারিদ্র বিমোচন করা সম্ভব হবে। এ লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সারা বাংলাদেশে ফাউন্ডেশনের কার্যালয় স্থাপন করার অনুমোদন দিয়েছেন। বর্তমানে ৬৪টি জেলাতে ফাউন্ডেশনের কার্যক্রম শুরু হয়েছে।